মিশিগানে অনুর্ধ্ব ২১ ক্রিকেট চ্যাম্পিয়নশীপ সম্পন্ন

সুলায়মান আল মাহমুদ, মিশিগান থেকে: উত্তেজনাপূর্ণ খেলার মধ্যে দিয়ে অনুষ্ঠিত হয়ে গেলে যুক্তরাষ্ট্র মিশিগান স্টেইটের ঘরোয়া ক্রিকেটের জনপ্রিয় আসর টাইগারস ইয়ুথ স্পোর্টস ক্লাব আয়োজিত অনূর্ধ্ব ২১ ক্রিকেট চ্যাম্পিয়নশীপ। অনুষ্ঠিত এই টুর্নামেন্ট মিশিগানস্থ বাংলাদেশি কমিউনিটির জনপ্রিয় দুটি মাঠ লাস্কি ও জেইন ফিল্ডে অনুষ্ঠান হয়।
১ম পর্বের খেলায় বিজয়ী হয়ে সেমিফাইনাল থেকে ফাইনালে উত্তীর্ণ হয় ব্লেজিং টাইগার্স ও ডেট্রয়েট ব্রাদার্স। শেষ পর্যন্ত চমৎকার ও সাহসিকতাপূর্ণ খেলা উপহার দিয়ে ডেট্রয়েট ব্রাদার্স ২০২২ সালের অনূর্ধ্ব-২১ ক্রিকেট চ্যাম্পিয়নশিপ অর্জন করে।
এই ইভেন্টে মোট ৫টি দল অংশ নেয়। এই দলগুলোর মধ্যে ছিল ব্লেজিং টাইগারস, হ্যামট্রামক গালি প্লেয়ার্স, ডেট্রয়েট ব্রাদার্স, ওয়ারেন উইজার্ডস এবং ডেট্রয়েট ডায়নামাইটস। তাদের মধ্যে ৪টি দল সেমিফাইনালে যোগ্যতা অর্জন করে। প্রথম রাউন্ডে বাদ পরে ওয়ারেন উইজার্ডস।
বিজয়ী দলের অধিনায়ক রানা চৌধুরী বলেন, একটা উত্তেজনামূল ফাইনাল খেলায় বিজয়ী হওয়াটা সহজ ছিলনা। আমাদের খেলোয়াড়রা তাদের সেরাটা উপহার দিয়েছে। ফলে বিজয়ী হওয়া সম্ভব হয়েছে।
এদিকে মিশিগান টাইগারস ইয়ুথ স্পোর্টস ক্লাবের প্রতিষ্ঠাতা দেলোয়ার আনসার বিজয়ী দল ডেট্রয়েট ব্রাদার্স এর ক্রিকেটারদের আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন, খেলাধুলা হলো সুস্থ বিনোদনের অন্যতম মাধ্যম। খেলাধুলার মাধ্যমে সুস্থ বিনোদন সবার জন্য উপভোগ্য। ভবিষ্যতে তরুণ খেলোয়াড়দের জন্য আরও ভালো কিছু করার ইচ্ছা কাজ করছে। আমি মনে করি মিশিগানস্থ বাংলাদেশী কমিউনিটিরা যেন প্রবাসে এক খন্ড বাংলাদেশ। সময়ে সময়ে এই ধরনের টুর্নামেন্ট কমিউনিটির তরুণ প্রজন্মের মধ্যে ভাতৃত্ববোধ জাগ্রত করতে সহায়ক শক্তি হিসেবে কাজ করবে। তিনি আরো বলেন, এ ক্ষেত্রে যারযার অবস্থান থেকে বাংলাদেশী কমিউনিটির তরুণদের সুস্থ বিনোদন দিতে অগ্রণী ভূমিকা পালনের আহবান জানান।